

তাৰিখ ... 17 · MAR · 2016 · · ·  
পৃষ্ঠা ... 6 · কলাম · · ·

## || কিছু বিশ্ববিদ্যালয়ের অনিয়মের কারণে সুনাম নষ্ট হয় অন্যদের ||

স্টেট ইউনিভার্সিটির সমাবর্তন

■ ইঙ্গেক্ষাফ রিপোর্ট

স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের (এসইউবি) ৪৬ সমাবর্তনে বজারা বলেছেন, দেশের শিক্ষা খাতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ভূমিকা অন্যীকার্য। কিন্তু কিছু কিছু বিশ্ববিদ্যালয়ের অনিয়মের কারণে অন্যদের সুনাম নষ্ট হয়। গতকাল বৃথাবার রাজধানীর, বসুন্ধরায় ইটারন্যাশনাল কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত সমাবর্তনে তারা একথা বলেন।

সমাবর্তনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, শিক্ষার মূল লক্ষ্য আধুনিক শিক্ষা ও প্রযুক্তিতে শিক্ষার্থীদের দৃঢ় করে তোলা। বিশ্ববিদ্যালয়ের কাজ হলো নতুন জ্ঞান সৃষ্টি করা। দেশে এখন বিশ্ববিদ্যালয়ে আরো বেশি গবেষণা ও ভালো মানের শিক্ষক নিয়োগের সুযোগ সৃষ্টি হচ্ছে। সমাবর্তনে বজা ছিলেন ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মাস্নান।

সমাবর্তনে এসইউবির উপচার্য অধ্যাপক ড. ইফতেহুর গণি চৌধুরী, প্রাপ্তি ঝোর্টের সভাপতি ড. এ. এম. শামীম এবং নেপলের রাজনূতাবাসের তারপাণ রাষ্ট্রদূত সুশীল কুমার লক্ষ্মান উপস্থিত ছিলেন।

সমাবর্তনে শিপ্র ২০১৪ থেকে ফল ২০১৫ পর্যন্ত সেমিস্টারের মধ্যে মাতক ও মাতকোত্তর পর্যায়ে উত্তীর্ণ ১৮৫৫ জন শিক্ষার্থী তাদের ডিপ্রি অর্জন করেন। সমাবর্তনে ক্ষেত্র অব বিজনেস অ্যান্ড সোশ্যাল স্টাডিজ এবং সায়েন্স অ্যান্ড টেকনোলজি ও হেলথ সায়েন্স ফ্যাকুল্টির অধীনে মোট ৯টি বিভাগের শিক্ষার্থীদের হাতে সনদ তুলে দেয়া হয়।